দৈনিক ইত্তেফাক

তারিখ SEP 14 1999
পৃষ্ঠা ৮ কলাম ৪

# শিক্ষা বিভাগকে অবিলম্বে ননভেকেশন বিভাগ ঘোষণার দাবী

চট্টগ্রাম অফিস ॥ বিসিএস ক্যাডার সাধারণ শিক্ষক সমিতির চট্টগ্রাম জেলা শাখার নবনির্বাচিত কর্মকর্তাদের অভিষেক, নবাগত ক্যাডার সদস্যদের সংবর্ধনা এবং চট্টগ্রাম, কক্সবাজার ও ও পার্বত্য জেলাসমূহের শিক্ষক সমাবেশ গত শুক্রবার চট্টগ্রাম সরকারী কলেজের রসায়ন ভবন গ্যালারিতে অনুষ্ঠিত হইয়াছে। সমাবেশে বক্তারা অবিলম্বে শিক্ষা বিভাগকে নন ভেকেশন বিভাগ ঘোষণা, ক্যাডার-নন ক্যাডার বিভাজন করিয়া পদোন্নতি প্রদান, অধ্যাপক-প্রভাষকদের উচ্চতর স্কেল প্রদানসহ আন্তঃক্যাডার বৈষম্য দূর করিতে সরকারের প্রতি জোর দাবী জানান।

সমাবেশে সভাপতিত্ব করেন চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ ও সমিতির চট্টগ্রাম জেলা শাখার সভাপতি প্রফেসর রওশন আকতার হানিফ। ইহাতে চট্টগ্রাম কলেজের সাবেক উপাধ্যক্ষ ও বাকেরগঞ্জ সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ নূরুল হুদা, অধ্যাপক সিরাজুল ইসলাম হোসাইনি ও অধ্যাপক নাজিম উদ্দিনের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয় এবং মরহুমের রুহের মাগফেরাত কামনা করিয়া একটি শোক প্রস্তাব পাশ করা হয়।

দিনব্যাপী অনুষ্ঠানমালার প্রথম পর্বে নবনির্বাচিত চট্টগ্রাম জেলা কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়। অভিষেক অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান প্রফেসর কেবি মোস্তফা। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ১৬'শ, ১৭'শ ও ১৮'শ বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে নবাগত কর্মকর্তাদের আনুষ্ঠানিক সংবর্ধনা জ্ঞাপন করা হয়। ইহাতে নবাগতদের উদ্দেশে মানপত্র পাঠ করেন সমিতির যুগ্ম-সম্পাদক অধ্যাপক মোস্তফা কামরুল আখতার। নবাগত ক্যাডারদের মধ্যে বক্তৃতা করেন অধ্যাপক এ এস এম মুজিবুর রহমান ও অধ্যাপক আতাউর রহমান। ইহাতে স্বাগত বক্তব্য রাখেন অধ্যক্ষ প্রফেসর হারুন-অর-রশীদ। তিনি তাহার বক্তৃতায় অবিলম্বে ওয়ারেন্ট অব প্রেসিডেন্সে শিক্ষক ক্যাডারদের স্থান চূড়ান্ত করার দাবী জানান।

তৃতীয় পর্বে ছিল চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলাসমূহের শিক্ষক সমাবেশ। ইহাতে এতদঞ্চলের ১৬টি সরকারী কলেজের বিপুলসংখ্যক শিক্ষক অংশগ্রহণ করে।

সমাবেশে কেন্দ্রীয় কর্মকর্তাদের মধ্যে বক্তব্য রাখেন, অধ্যাপক বেনজির আহমদ, অধ্যাপক মোহাম্মদ মোরশেদুল হাসান, এছাড়া সমাবেশে অধ্যক্ষ প্রফেসর গাজী মোহাম্মদ আকবর হোসেন, অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ মহিউদ্দিন, অধ্যক্ষ প্রফেসর সুমঙ্গল মুৎসুদ্দী, অধ্যক্ষ প্রফেসর প্রীতিকনা বড়ুয়া, অধ্যক্ষ প্রফেসর আল মামুন জাহাঙ্গীর, অধ্যক্ষ প্রফেসর প্রিয়বর্ধন বড়ুয়া, অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ শাহজাহান ও বিভিন্ন কলেজ ইউনিটের কর্মকর্তারা বক্তৃতা করেন।